ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স- ১৬৮৫

মোহনপুর, ১১ জুলাই ২০২৫

**১৭ জুলাই বামুটিয়ায় বাল্যবিবাহ প্রতিরোধ বিষয়ক সচেতনতামূলক অনুষ্ঠান**

আগামী ১৭ জুলাই বামুটিয়া ব্লকের গান্ধীগ্রাম উচ্চ মাধ্যমিক বিদ্যালয় মাঠে নেশামুক্ত ত্রিপুরা এবং বাল্যবিবাহ প্রতিরোধের উপর এক সচেতনতামূলক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। অনুষ্ঠানের উদ্বোধন করবেন মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা। এ উপলক্ষে গতকাল গান্ধীগ্রাম উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে এক সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাধিপতি বিশ্বজিৎ শীল। এছাড়া সভায় উপস্থিত ছিলেন বামুটিয়া পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান দীপক কুমার সিনহা ও ভাইস চেয়ারম্যান ঝুটন দাস, প্রাক্তন বিধায়ক কৃষ্ণধন দাস, বামুটিয়া ব্লকের বিডিও অমিতাভ ভট্টাচার্য, সমাজসেবী শীবেন্দ্র দাস সহ স্বাস্থ্য, সমাজকল্যাণ ও সমাজশিক্ষা, যুব বিষয়ক ও ক্রীড়া, গ্রামোন্নয়ন, বন, পুলিশ, পূর্ত, তথ্য ও সংস্কৃতি, পানীয়জল ও স্বাস্থ্যবিধান দপ্তরের আধিকারিকগণ।

*******